বিষয় কোড | ১ | ৫ | ০ |

# এসএস সি পরীক্ষা ২০১৫ এর মডেল প্রশ্ন

## বিষয় ঃ বাংলাদেশ ও বিশ্বপরিচয় (সৃজনশীল)

**সময় : ২ ঘন্টা ১০ মিনিট** **পূর্ণমান—৬০**

**[ যে কোন ৬টি প্রশ্নের উত্তর দাও। প্রত্যেক প্রশ্নের মান সমান ]**

**১.▶** প্রায় দুইশ বছর আলিফদের দেশ অন্য একটি সাম্রাজ্যবাদী দেশের অধীনে পরিচালিত হয়েছিল। ১৯৪৭ সালের আগস্ট মাসের কোন এক রাতে এদেশটি সাম্রাজ্যবাদী দেশের অধীনস্ততা থেকে মুক্তি পেয়ে নতুন একটি দেশের পূর্বাঞ্চল তথা একটি প্রদেশ হিসেবে আত্মপ্রকাশ করে। কিন্তু পশ্চিম অংশের শাসকগোষ্ঠী পূর্ব প্রদেশের ভাষা সংস্কৃতি, অর্থনীতি ও রাজনীতিতে সব সময় নিজেদের করায়ত্ত করে রাখে। ফলে পূর্ব প্রদেশের জনগণ প্রথমে নিজেদের ভাষা রক্ষায় আন্দোলন শুরু করে এবং কালক্রমে এ আন্দোলন তাদের জাতীয়তাবাদের ভাবাদর্শ ছড়িয়ে দেয়।

ক. কে দ্বি-জাতিতত্ত্ব প্রবর্তন করেন? ১
খ. বাঙালি জাতীয়তাবাদের বিকাশে ছাত্রদের অবদান অবিস্মরণীয় বুঝিয়ে লিখ। ২
গ. আলিফদের দেশের সাথে পূর্ব বাংলার আন্দোলন ও জাতীয়তাবাদের উত্থানের মিলগুলো ব্যাখ্যা কর। ৩
ঘ. তুমি কি মনে কর এ ধরনের আন্দোলন সর্বপ্রথম ছাত্ররাই সূচনা করেছিল? পাঠ্যপুস্তকের আলোকে মতামত দাও। ৪

**২.▶** সাকিব ও নাসির তাদের কথোপকথনের মাধ্যমে জানতে পারে সাকিবের পরিবার তার পাশের বাসার মানুষদের সাথে সম্প্রীতি বজায় রাখে এবং বিপদে আপদে সাহায্য করে। আবার নাসিরের পরিবারের সব ছোটরা পরিবার থেকেই আনুষ্ঠানিক ও নৈতিক শিক্ষা লাভ করে।

ক. গারোদের পরিবার কী ধরনের? ১
খ. অনু পরিবার বলতে কী বোঝায়? ২
গ. সাকিবের সামাজিকীকরণে কোন প্রতিষ্ঠান কাজ করে? ব্যাখ্যা কর। ৩
ঘ. নাসিরের পরিবারের কাজটি কি পরিবার একমাত্র কাজ? আলোচনা কর। ৪

**৩.▶** সাব্বির টেলিভিশনে একটি দুর্যোগ প্রতিবেদন দেখছিল। প্রতিবেদনটিতে সে দেখতে পেল ফিলিপাইনের একটি শহর হঠাৎ কেঁপে ওঠায় শহরটির বেশ কিছু ঘরবাড়ি ভেঙে গিয়ে কয়েকটি এলাকার বিদ্যুৎ লাইন বিচ্ছিন্ন হয়ে যায়। দুর্যোগটির ভয়াবহতা দেখে সাব্বির নিজের দেশে এর ভয়াবহতা প্রতিরোধে পূর্বপ্রস্তুতিমূলক পদক্ষেপ গ্রহণের প্রয়োজনীয়তা অনুভব করেন।

ক. বাংলাদেশের শীতলতম মাস কোনটি? ১
খ. বাংলাদেশের ভূমি ব্যবহারে জনবসতি বিস্তারের প্রভাব ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকে কোন দুর্যোগের ইঙ্গিত দেওয়া হয়েছে? উক্ত দুর্যোগটি সৃষ্টির কারণ ব্যাখ্যা কর। ৩
ঘ. সাব্বির দুর্যোগটির ঝুঁকি মোকাবেলায় কী ধরনের পূর্ব প্রস্তুতিমূলক পদক্ষেপের প্রয়োজনীয়তা অনুভব করে তা পাঠ্যপুস্তকের আলোকে ব্যাখ্যা কর। ৪

**৪.▶** মুন বড় হয়ে রাষ্ট্রের এমন একটি পদে অধিষ্ঠিত হতে চায় যেখান থেকে সে রাষ্ট্রের ও রাষ্ট্রের নাগিরকদের জন্য কিছু করতে পারবে। তার ইচ্ছা-দেশের সকল নাগরিক যেন শিক্ষিত হতে পারে, সকল মানুষ যেন চিকিৎসার সুযোগ লাভ করতে পারে। দেশের সামাজিক রাজনৈতিক ও অর্থনৈতিক উন্নয়নে সে যেন ভূমিকা রাখতে পারে।

ক. রাষ্ট্র কাকে বলে? ১
খ. রাষ্ট্রের উপাদান হিসেবে 'সার্বভৌমত্ব' ব্যাখ্যা কর। ২
গ. মুন যে প্রতিষ্ঠানের পদে অধিষ্ঠিত হতে চায় তার অপরিহার্য কার্যাবলিসমূহ ব্যাখ্যা কর। ৩
ঘ. মুনের কার্যাবলি যে ধরনের রাষ্ট্রের সঙ্গে সঙ্গতিপূর্ণ সে ধরনের রাষ্ট্রের ঐচ্ছিক কার্যাবলী বিশ্লেষণ কর। ৪

**৫.▶** রহিম সাহেব একটি এলাকার নির্বাচিত জনপ্রতিনিধি চেয়ারম্যান। তার এলাকাটি ৯টি ওয়ার্ডে বিভক্ত। তার এলাকায় তিনি ছাড়াও ১২ জন সদস্য জনগণের প্রত্যক্ষ ভোটে নির্বাচিত হয়ে এলাকার উন্নয়নে কাজ করছে। এর মধ্যে তিনজন রয়েছেন মহিলা সদস্য যারা সংরক্ষিত আসনে নির্বাচিত হয়েছেন। রহিম সাহেব এবং অন্যান্য সদস্য মিলে তাদের এলাকায় অপরাধ, বিশৃঙ্খলা ও ঝগড়া বিবাদ নিরসনে ব্যাপক কাজ করে এলাকাতে শান্তি প্রতিষ্ঠা করেছেন।

ক. বাংলাদেশের সংসদের মেয়াদকাল কত বছর? ১
খ. সংসদ পরিচালনায় প্রধানমন্ত্রীর ক্ষমতার বর্ণনা দাও। ২
গ. উদ্দীপকে পাঠ্যপুস্তকের যে স্থানীয় স্বায়ত্তশাসনের প্রতিফলন ঘটেছে তা ব্যাখ্যা কর। ৩
ঘ. রহিম সাহেব ও অন্যান্য সদস্যদের রয়েছে বিভিন্ন কার্যাবলি— বিশ্লেষণ কর। ৪

**৬.▶** মিসেস রহমান একটি উন্নয়ন সংস্থায় কর্মরত একজন উন্নয়ন কর্মী। তিনি একটি সভায় তার বক্তৃতায় বলেন, একটি আন্তর্জাতিক সংস্থা নারীদের অবস্থার উন্নয়নে কাজ করছে। সংস্থাটি নারীর প্রতি বৈষম্য বিলোপে একটি সনদ প্রণয়ন করে। যে সনদে নারীর মানবাধিকারের বিষয়টি তুলে ধরার মাধ্যমে নারীর অর্থনৈতিক ও সামাজিক উন্নয়নের কথা বলা হয়েছে।

ক. ইউনিফেম এর পূর্ণরূপ কী? ১
খ. জাতিসংঘের সাথে বাংলাদেশের সম্পর্ক ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকে বর্ণিত মিসেস রহমানের বক্তব্যে কোন সংস্থার প্রতি আলোকপাত করা হয়েছে? ৩
ঘ. উদ্দীপকে বর্ণিত সংস্থাটি নারীর অর্থনৈতিক ও সামাজিক উন্নয়নে গুরুত্বপূর্ণ অবদান রেখে চলছে তোমার উত্তরের সপক্ষে যুক্তি দাও। ৪

**৭.▶** আউয়াল সাহেব প্রাইম গার্মেন্টস নামক এক প্রতিষ্ঠানের মালিক। তিনি তার গার্মেন্টস ফ্যাক্টরির বিভিন্ন কাজে নিয়োজিত কর্মচারীদের ন্যায্য বেতন ভাতার চেয়ে কম বেতনভাতা প্রদান করেন। তিনি তার গার্মেন্টসের উৎপাদিত দ্রব্যের ব্যয় কমাতে কর্মচারীদের বেতনভাতা কম দেন। ক্রমান্বয়ে আউয়াল সাহেব ধনী হচ্ছেন আর তার কর্মচারী হচ্ছে দরিদ্র।

ক. অর্থনীতিতে ভোগ কী? ১
খ. জাতীয় সম্পদ সংরক্ষণ বলতে কী বোঝ? ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকের যে অর্থনৈতিক ব্যবস্থার বৈশিষ্ট্যের প্রতিফলন ঘটেছে তার ব্যাখ্যা দাও। ৩
ঘ. উদ্দীপকের বৈশিষ্ট্য ছাড়াও উক্ত অর্থনৈতিক ব্যবস্থার বেশ কিছু বৈশিষ্ট্য রয়েছে- পাঠ্যপুস্তকের আলোকে মতামত দাও। ৪

**৮.▶** ঢাকা থেকে খুলনা যাওয়ার রাস্তাটি বিভিন্ন জায়গায় ভাঙা, পরিবহনের স্বল্পতা, ফেরিঘাটে যানজট ইত্যাদি কারণে প্রতিবছর ঈদে খুলনায় দাদুবাড়ি যেতে আনিকাদের অনেক দুর্ভোগ পোহাতে হয়। সরকারের পদ্মা সেতু নির্মাণের উদ্যোগে আনিকা খুব খুশি, কারণ তাদের ফেরি পার হতে হবে না।

ক. নাগরিক সম্পর্কে অধ্যাপক গেটেলের সংজ্ঞাটি লিখ। ১
খ. আইনের বৈশিষ্ট্য লেখ। ২
গ. উদ্দীপকে বাংলাদেশের অর্থনীতির কোন বৈশিষ্ট্য লক্ষণীয়? ব্যাখ্যা কর। ৩
ঘ. "সেতু নির্মাণের উদ্যোগ সরকারের যে ধরনের কাজ তার গুরুত্ব অর্থনীতির ক্ষেত্রে অপরিসীম" – বিশ্লেষণ কর। ৪

**৯.▶** নাসিমা তার বাবা-মার সাথে দিনাজপুরের একটি অভিজাত এলাকায় বাস করে। তাদের বাসার পিছনেই একটি বস্তি। প্রতিদিন বস্তির উঠতি বয়সের ছেলেরা রাস্তায় মোড়ে আড্ডা দেয়, হৈ চৈ করে এবং উচ্চস্বরে গান বাজায়। মাঝে মাঝে মারামারিও করে। নাসিমা তার বাবার সাথে এ বিষয়ে আলাপ করলে তিনি বললেন এসবের পেছনে সামাজিক পরিবর্তনই দায়ী।

ক. বেকারত্ব বৃদ্ধির কারণ কী? ১
খ. শিক্ষা কীভাবে সামাজিক পরিবর্তনে ভূমিকা রাখে? ২
গ. উদ্দীপকে নাসিমার বাবা সামাজিক পরিবর্তনের কোন উপাদানটির প্রতি ইঙ্গিত করেছেন? ব্যাখ্যা কর। ৩
ঘ. তুমি কি মনে কর, উক্ত উপাদানটি ছাড়াও সামাজিক পরিবর্তনের পেছনে আরও উপাদান কাজ করে? আলোচনা কর। ৪

বিষয় কোড | ১ | ৫ | ০

এসএসসি পরীক্ষা ২০১৫ এর মডেল প্রশ্ন

সময় ঃ ৪০ মিনিট বিষয় ঃ বাংলাদেশ ও বিশ্বপরিচয় ১ম পত্র (বহুনির্বাচনি) পূর্ণমান—৪০

[ উত্তরপত্রের সঠিক উত্তরের বৃত্তটি (O) বল পয়েন্ট কলম দ্বারা ভরাট কর ]

**১. ১৯৪৭ সালে কোন বিষয়টি প্রথমে ঘটেছিল?**
ক পাকিস্তান প্রতিষ্ঠা নিশ্চিত হওয়া
খ গণ আজাদী লীগ প্রতিষ্ঠা
গ তমদ্দুন মজলিশ প্রতিষ্ঠা
ঘ করাচির শিক্ষা সম্মেলন

**২. 'তমদ্দুন মজলিশ' কত সালের কত তারিখে গঠিত হয়?**
ক ২রা জানুয়ারি খ ২১শে ফেব্রুয়ারি
গ ২ সেপ্টেম্বর ঘ ২৬ জুলাই

**৩. ১৯৭৫ থেকে ১৯৯০ সাল পর্যন্ত বাংলাদেশে কোন ধরনের সরকার বিরাজমান ছিল?**
ক গণতান্ত্রিক খ সমাজতান্ত্রিক
গ রাজতান্ত্রিক ঘ সামরিক

**৪. ১৯৭৫-১৯৭৯ পর্যন্ত যে সকল সামরিক বিধি জারি করা হয় তা সংসদের কততম সংশোধনী হিসেবে পাস হয়?**
ক ৪র্থ খ ৫ম
গ ৬ষ্ঠ ঘ ৭ম

**উদ্দীপকটি পড়ে ৫—৬ নং প্রশ্নের উত্তর দাও**

মাফি একজন আইনজীবী। তিনি তাঁর বন্ধুকে বাংলাদেশের সংবিধানের বৈশিষ্ট্য সম্পর্কে বলার সময় বললেন, বাংলাদেশের সংবিধান পৃথিবীর অন্যতম সেরা একটি সংবিধান। এই সংবিধানের পেছনে আমাদের শহিদরাই মূলত জড়িত।

**৫. উদ্দীপকে যে সংবিধানের কথা বলা হয়েছে তা কত সালে কার্যকর হয়েছিল?**
ক ১৯৭১ সালে খ ১৯৭২ সালে
গ ১৯৭৩ সালে ঘ ১৯৭৪ সালে

**৬. সংবিধানের পেছনে স্বাধীনতা যুদ্ধে শহিদদের সম্পর্ক স্থাপিত হয়েছে কীভাবে?**
ক স্বাধীনতা অর্জনের মাধ্যমে
খ সরকার প্রতিষ্ঠার মাধ্যমে
গ আইন প্রতিষ্ঠার মাধ্যমে
ঘ সংবিধান লেখার মাধ্যমে

**৭. নবদম্পতি বিয়ের পর নতুন আবাস নিলে সেটি কোন পরিবার হবে?**
ক একক খ যৌথ
গ নয়াবাস ঘ পিতৃবাস

**৮. কোনটি সমাজের প্রাথমিক প্রতিষ্ঠান?**
ক ধর্ম খ জ্ঞাতিসম্পর্ক
গ পরিবার ঘ রাষ্ট্র

**৯. সামাজিকীকরণ বলতে আমরা বুঝি—**
i. একটি ক্ষণস্থায়ী প্রক্রিয়াকে
ii. নতুন পরিবেশে নিজেকে অভিযোজনের কৌশল
iii. একজন পরিপূর্ণ সামাজিক মানুষ হওয়ার প্রক্রিয়া

**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ ii ও iii
গ i ও iii ঘ i, ii ও iii

**১০. গ্রিনিচের সঠিক সময় নির্ণয় করা যায় কোন ঘড়ি থেকে?**
ক সেক্সট্যান্ট খ ন্যানোমিটার
গ ল্যাকটোমিটার ঘ ক্রনোমিটার

**১১. কত তারিখ সূর্যের উত্তরায়ণের শেষ দিন?**
ক ২১ জুন খ ২৩ সেপ্টেম্বর
গ ২২ ডিসেম্বর ঘ ২১ মার্চ

**অনুচ্ছেদটি পড়ে ১২—১৩ নং প্রশ্নের উত্তর দাও**

১০ম শ্রেণির ছাত্র মিনহাজ তার ভূগোল পরীক্ষার উত্তরপত্রে একটি গ্রহের ব্যাখ্যায় উল্লেখ করেছে যে, সৌরজগতের ক্ষুদ্রতম এই গ্রহের ওজন পৃথিবীর ৫০ ভাগের ৩ ভাগের সমান এবং এর ভূত্বকে সমতল ভূমিসহ অসংখ্য গর্ত ও পাহাড় রয়েছে। এর তাপমাত্রা অত্যধিক।

**১২. অনুচ্ছেদে সৌরজগতের কোন গ্রহের তথ্য ফুটে উঠেছে?**
ক বুধ খ শুক্র
গ মঙ্গল ঘ শনি

**১৩. কোন কারণে এই গ্রহের তাপমাত্রা অত্যধিক?**
ক ভূত্বকে সমতল ভূমি থাকার কারণে
খ ভূত্বকে পাহাড় থাকার কারণে
গ সূর্যের নিকটতম গ্রহ বলে
ঘ সৌর জগতের ক্ষুদ্রতম গ্রহ হওয়ার কারণে

**১৪. বর্তমানে বাংলাদেশে প্রতি বর্গকিলোমিটারে জনসংখ্যার ঘনত্ব কত?**
ক ৯৬৫ জন খ ৯৯৩ জন
গ ১০০৫ জন ঘ ১০১৫ জন

**১৫. বাংলাদেশে শীতকাল শুরু হয় কোন মাস থেকে?**
ক ডিসেম্বর খ নভেম্বর
গ জানুয়ারি ঘ অক্টোবর

**১৬. বাংলাদেশে নদীপথের দৈর্ঘ্য কত কিলোমিটার?**
ক প্রায় ৩৮৬৫ খ প্রায় ৬৮৩৩
গ প্রায় ৮৯৩৩ ঘ প্রায় ৯৮৩৩

**১৭. শীতলক্ষ্যা নদীর তীরে কোন শহর অবস্থিত?**
ক ঢাকা খ সিলেট
গ গাজীপুর ঘ নারায়ণগঞ্জ

**১৮. নদীগুলো বাঁচিয়ে রাখার জন্য করণীয় হলো—**
i. নিয়মিত নদী খনন করা
ii. অপ্রয়োজনীয় বাঁধ, পুল, কালভার্ট নির্মাণ না করা
iii. নদীতে বেশি বেশি বাঁধ দেওয়া

**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ ii ও iii
গ i ও iii ঘ i, ii ও iii

**১৯. জাতীয় নিরাপত্তা বিধান করা রাষ্ট্রের কোন ধরনের কাজ?**
ক ঐচ্ছিক খ কল্যাণমূলক
গ মুখ্য ঘ সাধারণ

**২০. Civics কোন শব্দ?**
ক ল্যাটিন খ গ্রিক
গ ইংরেজি ঘ ফরাসি

২১. **শাসন বিভাগ যে সকল কাজ করে সেগুলো হলো—**

i. আইন শৃঙ্খলা রক্ষা
ii. আইন প্রণয়ন
iii. রাষ্ট্রের সার্বিক সিদ্ধান্ত গ্রহণ

**নিচের কোনটি সঠিক?**

(ক) i ও ii (খ) ii ও iii
(গ) i ও iii (ঘ) i, ii ও iii

২২. **রাষ্ট্রপতিকে অভিশংসন করতে পারে কে?**

(ক) প্রধানমন্ত্রী (খ) মন্ত্রিপরিষদ
(গ) জাতীয় সংসদ (ঘ) প্রধান বিচারপতি

২৩. **গণতন্ত্রের মৌলিক বিষয় কোনটি?**

(ক) নির্বাচন (খ) প্রতিনিধি
(গ) গণসচেতনতা (ঘ) জনবল

২৪. **কোন দেশের রাষ্ট্রপ্রধান পরোক্ষ নির্বাচন পদ্ধতিতে নির্বাচিত হন?**

(ক) বাংলাদেশ (খ) ভারত
(গ) পাকিস্তান (ঘ) যুক্তরাষ্ট্র

২৫. **বাংলাদেশ-মায়ানমার রোহিঙ্গা ইস্যুতে জাতিসংঘের কোন কার্যালয় মধ্যস্থতা করছে?**

(ক) ইউনিফেম (খ) ইউএনএইচসিআর
(গ) ডব্লিউএইচও (ঘ) এফএও

২৬. **বেইজিং প্লাস টেন সম্মেলন কোথায় অনুষ্ঠিত হয়?**

(ক) বেইজিংয়ে (খ) রিওডি জেনেরোতে
(গ) নিউইয়র্কে (ঘ) মেক্সিকোতে

২৭. **শ্রমিক শোষণ কোন অর্থব্যবস্থার বৈশিষ্ট্য?**

(ক) সমাজতান্ত্রিক (খ) মিশ্র
(গ) ধনতান্ত্রিক (ঘ) ইসলামি অর্থব্যবস্তা

২৮. **সংগঠন কয়টি উপাদানের সমষ্টি?**

(ক) ২টি (খ) ৩টি
(গ) ৪টি (ঘ) ৫টি

২৯. **বর্তমান বিশ্বের সাথে তাল মেলাতে দেশে—**

i. মুক্তবাজার অর্থনীতি প্রচলিত হয়েছে
ii. শিল্প প্রতিষ্ঠান বিরাষ্ট্রীয়করণ হচ্ছে
iii. সরকারি-বেসরকারি অংশীদারিত্ব চলছে

**নিচের কোনটি সঠিক?**

(ক) i ও ii (খ) ii ও iii
(গ) i ও iii (ঘ) i, ii ও iii

৩০. **মোট জাতীয় উৎপাদন কোনটি?**

(ক) GNI (খ) GNP
(গ) BNP (ঘ) ARP

৩১. **অর্থনৈতিক উন্নয়ন ঘটবে কোন ক্ষেত্রে?**

(ক) প্রবৃদ্ধির হার = জনসংখ্যা বৃদ্ধির হার
(খ) প্রবৃদ্ধির হার < জনসংখ্যা বৃদ্ধির হার
(গ) প্রবৃদ্ধির হার > জনসংখ্যা বৃদ্ধির হার
(ঘ) প্রবৃদ্ধির হার + জনসংখ্যা বৃদ্ধির হার

৩২. **রাজস্ব সংগ্রহ ছাড়া আর কোন উদ্দেশ্যে আবগারি শুল্ক ধার্য করা হয়?**

(ক) আমদানি কমানোর জন্যে
(খ) ক্ষতিকর দ্রব্যের ভোগ হ্রাস করার জন্যে
(গ) রপ্তানি আয় বাড়ানোর জন্যে
(ঘ) শিল্পোন্নয়নের জন্যে

৩৩. **নিচের কোনটি থেকে করবহির্ভূত আয় হয়?**

(ক) চিনি (খ) ভূমি
(গ) টেলিফোন (ঘ) মাদক

৩৪. **বাংলাদেশ সরকারের আয়ের প্রধান উৎস কোনটি?**

(ক) বাণিজ্য শুল্ক (খ) আবগারি শুল্ক
(গ) মূল্য সংযোজন কর (ঘ) আয়কর

৩৫. **সামাজিক পরিবর্তনের বিশেষ উপাদান কোনটি?**

(ক) জৈবিক উপাদান (খ) সংস্কৃতি
(গ) প্রযুক্তি (ঘ) শিক্ষা

৩৬. **শিল্পায়ন ও নগরায়ণের ফলে যাতায়াত ও যোগাযোগ ব্যবস্থার উন্নয়নের কারণে ভৌগোলিক দূরত্ব কমে গেলেও বেড়ে গেছে কোনটি?**

(ক) রাজনৈতিক দূরত্ব (খ) সামাজিক দূরত্ব
(গ) পারিবারিক দূরত্ব (ঘ) ধর্মীয় দূরত্ব

৩৭. **ইভটিজিং নারী ও বালিকাদের মন-মানসিকতায় কী প্রভাব ফেলে?**

(ক) স্থায়ীভাবে ক্ষতিসাধন করে
(খ) আত্মসম্মানে আঘাত করে
(গ) মানবাধিকার লঙ্ঘন করে
(ঘ) সমঅধিকার প্রতিষ্ঠা করে

৩৮. **নারী সহিংসতার গুরুত্বপূর্ণ কারণ কোনটি?**

(ক) শিক্ষার অভাব
(খ) বিভিন্ন সামাজিক কুপ্রথা
(গ) যৌতুক প্রথা
(ঘ) নির্ভরশীলতা

**উদ্দীপকটি পড়ে ৩৯ ও ৪০ নং প্রশ্নের উত্তর দাও**

বর্তমান নারায়ণগঞ্জের অবস্থা এমন যে খুন, অপহরণ নিত্যনৈমিত্তিক ঘটনা। প্রকাশ্যে অপকর্ম ঘটতেও পিছপা হয় না। পুলিশ নিষ্ক্রিয় থেকে প্রভাবশালীদের পক্ষে কাজ করে।

৩৯. **অনুচ্ছেদে বিদ্যমান অবস্থাকে কী বলে?**

(ক) বিশৃঙ্খলা
(খ) নৈরাজ্য
(গ) সামাজিক অবনতি
(ঘ) রাজনৈতিক অস্থিতিশীলতা

৪০. **অনুচ্ছেদের এ অবস্থা দূর করা যেতে পারে—**

i. রাজনৈতিক স্থিতিশীলতার মাধ্যমে
ii. আইনের অনুশাসনের মাধ্যমে
iii. পুলিশকে সক্রিয় করার মাধ্যমে

**নিচের কোনটি সঠিক?**

(ক) i ও ii (খ) ii ও iii
(গ) i ও iii (ঘ) i, ii ও iii

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| উত্তরমালা | ১ | ক | ২ | গ | ৩ | ঘ | ৪ | খ | ৫ | খ | ৬ | ক | ৭ | গ | ৮ | গ | ৯ | খ | ১০ | ঘ | ১১ | ক | ১২ | ক | ১৩ | গ | ১৪ | ঘ | ১৫ | খ | ১৬ | ঘ |
| | ১৭ | ঘ | ১৮ | ক | ১৯ | গ | ২০ | ক | ২১ | গ | ২২ | গ | ২৩ | ক | ২৪ | ঘ | ২৫ | খ | ২৬ | গ | ২৭ | গ | ২৮ | খ | ২৯ | ক | ৩০ | খ | ৩১ | গ | ৩২ | খ |
| | ৩৩ | গ | ৩৪ | ক | ৩৫ | ঘ | ৩৬ | খ | ৩৭ | খ | ৩৮ | খ | ৩৯ | খ | ৪০ | ঘ | | | | | | | | | | | | | | | | |